INDITEX

# উৎপাদক এবং সরবরাহকারী ইন্ডিটেক্স গ্রুপের আচরণ বিধি

# সূচী


ভূমিকা 3

1. কোন বাধ্যতামূলক বা ফোর্সড শ্রমীক নেই 3

2. কোন শিশু শ্রমীক নেই 3

3. কোন বৈষম্য নেই 4

4. অ্যাসোসিয়েশন এবং সমবেত দর কশাকষির স্বাধীনতার প্রতি সম্মান 4

5. কঠোর এবং অমানবিক আচরণ নয় 4

6. নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের অবস্থা 5

7. মজুরী প্রদান করা হয় 5

8. কাজের সময় অত্যাধিক নয় 5

9. নিয়মিত কর্মসংস্থান 6

10. উৎপাদনের অনুসন্ধানযোগ্যতা 6

11. পন্যের স্বাস্থ্য এবং সুরক্ষা 6

12. পরিবেশ সচেতনতা 6

13. তথ্যের গোপনীয়তা 7

14. বিধি রুপায়ন 7

14.1 স্বচ্ছতা 7

14.2 জাতীয় আইন, সমঝোতা এবং চুক্তির উল্লেখ 7

14.3 নিয়ম পালনের পরীক্ষা 8

14.4 এথিক্স কমিটি এবং উইসল ব্লোইং চ্যানেল 8

## ভূমিকা

উৎপাদক এবং সরবরাহকারীদের ইন্ডিটেক্স আচরণ বিধি (এখানে, বিধি) নীতিগত এবং দায়িত্বশীল আচরণের ন্যূনতম মান নির্ধারণ করে যা ব্যবসার সময় ইন্ডিটেক্সের দ্বারা বানিজ্যকৃত পন্যের উৎপাদক এবং সরবহারকারীরা অবশ্যই পালন করবে, ইন্ডিটেক্স গ্রুপের (এখানে ইন্ডিটেক্স) কর্পরেট কালচারের সঙ্গে সামঞ্জস্য রেখে, যার ভিত্তি হল মানবাধিকার এবং শ্রমীক অধিকারের প্রতি সম্মান প্রদর্শন।

ইন্ডিটেক্স উপযুক্ত সহায়সম্পদ বন্টনের দায়িত্ব নেয় যাতে উৎপাদক এবং সরবরাহকারীরা এই বিধির সঙ্গে পরিচিত হয় এবং এর পালন সুনিশ্চিত করে।

এই বিধি যে সমস্ত উৎপাদক এবং সরবরাহকারী ক্রয়, উৎপাদন এবং ফিনিশিং প্রক্রিয়ায় অংশ নেয়, ইন্ডিটেক্সের নীতিগত আচরণ নির্ধারণের সাধারণ নীতির উন্নতি সাধনে যত্নবান হয় তাদের প্রতি প্রযোজ্যঃ

- নীতিগত এবং দায়িত্বশীলভাবে সমস্ত ইন্ডিটেক্স কাজ বিকশিত হয়।
- সমস্ত ব্যক্তি, অথবা সংগঠন, যারা সরাসরি বা পরোক্ষভাবে ইন্ডিটেক্সের সঙ্গে যে কোন ধরণের কর্মসংস্থান, অর্থনৈতিক, সামাজিক এবং/অথবা শিল্প সম্পর্ক রক্ষা করে তাদের সঙ্গে ন্যায্য এবং মর্যাদা সহকারে আচরণ করা হয়।
- সমস্ত ইন্ডিটেক্স কার্যকলাপ এমনভাবে করা হয় যাতে সবাই পরিবেশের প্রতি শ্রদ্ধাশীল হয়।
- সমস্ত উৎপাদক এবং সরবরাহকারী (উৎপাদন কেন্দ্র যা ইন্ডিটেক্সের সম্পত্তি নয়) এই প্রতিশ্রুতি পালন করে এবং অঙ্গীকার করে যে বিধিতে যে মান ধার্য করা হয়েছে তা যেন পালিত হয়।

## 1. কোন বাধ্যতামূলক বা ফোর্সড শ্রমীক নেই

ইন্ডিটেক্স তাদের উৎপাদক এবং সরবরাহকারীদের ক্ষেত্রে কোন রকম বাধ্যতামূলক বা ফোর্সড বা অনিচ্ছাকৃত শ্রমীক অনুমোদন করে না । তারা তাদের কর্মচারীদের কোন রকম ‘‘জমা বা ডিপজিট’’, রাখতে বলে না অথবা কর্মচারীদের পরিচয় নথি রাখতেও পারে না।

উৎপাদকরা উপযুক্ত নোটিশ দেওয়ার পর কর্মচারীরা যাতে তাদের মালিককে পরিত্যাগ করতে পারে সে অধিকারও স্বীকার করবে।[1]

## 2. কোন শিশু শ্রমীক নেই

উৎপাদক এবং সরবরাহকারীরা নাবালোকদের নিযুক্ত করবে না। ইন্ডিটেক্স যাদের 16তম জন্ম দিন এখনও আসে নি তাদের নাবালোক বলে গন্য করে । যে সমস্ত ক্ষেত্রে *ন্যূনতম বয়সের সীমা আরো বেশি,* সেখানে সেই সীমা প্রযোজ্য হবে।[2]

[1] এই ধরণের বিধিনিষেধ সংক্রান্ত বিষয় আন্তর্জাতিক শ্রম সংগঠন (আইএলও)র নিয়ম 29 এবং 105 দ্বারা পরিচালিত হবে।

16 থেকে 18 বছর বয়সের লোকেরা যুবা কর্মী বলে গন্য হবে । যুবা কর্মীরা রাতে কাজ করতে পারবে না বা বিপজ্জনক অবস্থায় কাজ করবে না।[3]

## 3. কোন বৈষম্য নেই

উৎপাদক এবং সরবরাহকারীরা নিয়োগ, ক্ষতিপূরণ, প্রশিক্ষণের সুযোগ, পদোন্নয়ন, কর্ম চুক্তি বা অবসর সংক্রান্ত চুক্তির ক্ষেত্রে জাতি ধর্ম, নাগরিকত্ব, বয়স, শারীরিক এবং মানসিক প্রতিবন্ধিত্ব, লিঙ্গ, বিবাহিত বা অবিবাহিত, লিঙ্গগত এবং/বা ইউনিয়ন বা রাজনৈতিক দলের প্রতি আনুগত্যের বিষয়ে বৈষম্য করা হবে না।[4]

## 4. অ্যাসোসিয়েশন এবং সমবেত দর কশাকষির স্বাধীনতার প্রতি সম্মান

উৎপাদক এবং সরবরাহকারীরা তাদের কর্মীর কোন রকম বৈষম্য ছাড়া সংগঠন করার অধিকার, ইউনিয়ন করার অধিকার এবং সমবেত ভাবে দর কষাকষির অধিকার থাকেবে । এই ধরণের অধিকার পালনের ক্ষেত্রে কোন পালটা জবাব দেওয়া হবে না এবং এই ধরণের অধিয়কার পালনে বিঘ্ন ঘটানোর জন্য রিমুনারেশন দিতে হবে। ঠিক তেমনি ভাবে ট্রেড ইউনিয়নের কাজকর্মের বিষয়ে তারা খোলাখুলি এবং সমবে প্রয়াসের অনুরোধ জানানো হচ্ছে।

কর্মীদের প্রতিনিধিদের যে কোন রকম বৈষম্য থেকে সুরক্ষা প্রদান করা হবে এবং কর্মস্থলে ইউনিয়নের প্রতিনিধিদের কাজ কর্ম চালিয়ে যেতে অনুমতি প্রদান করা হবে।

যেখানে আইনের আওতায় অ্যাসোসিয়েশন এবং সমবেত দর কশাকশির অধিকার সীমিত, সেখানে ন্যায্য এবং স্বাধীনভাবে এই সব অধিকার পালন সুনিশ্চিত করার উপযুক্ত চ্যানেল থাকবে।[5]

## 5. কঠোর এবং অমানবিক আচরণ নয়

উৎপাদক এবং সরবরাহকারীরা তাদের কর্মচারীদের আত্মমর্যাদা এবং সম্মানের সঙ্গে দেখবে । কোন অবস্থাতেই শারীরিক শাস্তি, যৌন অথবা জাতিগত হয়রানী, মৌখিক বা ক্ষমতার অপব্যবহার বা অন্য কোন ধরনের নির্যাতন বা চাপ সৃষ্টির অনুমতি দেওয়া হবে না।

---

[2] শিশু শ্রম নিষিদ্ধকরণ সংক্রান্ত বিষয়গুলি আন্তর্জাতিক শ্রম সংগঠন (আইএলও)এর নিয়ম 138 এবং 182 দ্বারা পরিচালিত হবে।

[3] যুবা কর্মীদের জন্য কাজের অবস্থা সংক্রান্ত বিষয় আন্তর্জাতিক শ্রম সংগঠন আইএলও এর সুপারিশ 190 দ্বারা পরিচালিত হবে।

[4] শ্রম অনুশীলন আইএলও চুক্তি 111 অনুযায়ী পরিচালিত হবে।

[5] আইএলও চুক্তি 87,98,135 অনুযায়ী সংগঠনের স্বাধীনতা এবং সমবেত বারগেনিং সংক্রান্ত বিষয় পরিচালিত হবে।

## 6. নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের অবস্থা

উৎপাদক এবং সরবরাহকারীরা তাদের কর্মচারীদের এক নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ প্রদান করবে, ন্যূনতম আলো, হাওয়া, স্বাস্থ্যবিধি, অগ্নি নির্বাপক, সুরক্ষা ব্যবস্থা এবং পানীয় জলের সুবিধা প্রধান করা হবে।

কর্মীদের জন্য স্বচ্ছ শৌচাগারের সুবিধা এবং পানীয় জলের সুবিধা থাকবে । যেখানে প্রয়োজন, খাবার সংরক্ষনের ব্যবস্থা থাকবে।

বাসস্থান, যেখানে প্রদান করা হয়েছে, পরিস্কার এবং নিরাপদ থাকবে।

উৎপাদক এবং সরবরাহকারীরা কাজের স্বাভাবিক ঝুঁকি কম করে দুর্ঘটনা এবং তাদের কর্মীদের আঘাত লাগা প্রতিরোধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

উৎপাদক এবং সরবরাহকারীরা স্বাস্থ্য এবং সুরক্ষা বিষয়ে তাদের কর্মীদের নিয়মিত প্রশিক্ষন প্রদান করবে। প্রশিক্ষণ দেওয়া হয়েছে এমন পাঠ্যক্রমের বিষয়ে কোম্পানী উপযুক্ত রেকর্ড রক্ষনাবেক্ষন করবে। ঠিক তেমনি ম্যানেজমেন্টে তারা একজন স্বাস্থ্য এবং সুরক্ষা ইনচার্জ নিয়োগ করবে যার সিদ্ধান্ত গ্রহনের উপযুক্ত ক্ষমতা থাকবে।[6]

## 7. মজুরী প্রদান করা হয়

উৎপাদক এবং সরবরাহকারীরা সুনিশ্চিত করবে যে ন্যূনতম আইনী এবং সমবেত দরকষাকষি চুক্তি অনুযায়ী, যা অধিক ততটা মজুরী প্রদান করা হয় । যে কোন অবস্থায়, কর্মী এবং তাদের পরিবারের প্রয়োজন মেটানো এবং অন্য কোন ন্যায্য তথা অতিরিক্ত প্রয়োজন পুরনের মত পর্যাপ্ত মজুরী প্রদান করতে হবে।

উৎপাদক এবং সরবরাহকারীরা শৃংখলার কারণে কোন মজুরী আটকে রাখতে/কেটে রাখতে পারবে না, প্রযোজ্য নিয়মে যে সংস্থান রয়েছে তা ছাড়া অন্য কোন কারণে কর্মীদের অনুমতি ছাড়া এটি করা যাবে না। নিয়োগের পর তাদের মজুরী সম্পর্কে সমস্ত কর্মীকেঃ লিখিত বোধ গম্য তথ্য প্রদান করতে হবে এবং যখনই তাদের মজুরী দেওয়া হবে তখন তার বিবরণ দিতে হবে।

উৎপাদক এবং সরবরাহকারীরা এটিও সুনিশ্চিত করবে যে মজুরী এবং অন্যান্য ভাতা সময় মত দেওয়া হচ্ছে এবং সমস্ত আইন অনুযায়ী বিশেষ করে কর্মীর সুবিধা মত মজুরী দেওয়া হচ্ছে কি না তা সুনিশ্চিত করতে হবে।[7]

## 8. কাজের সময় অত্যাধিক নয়

উৎপাদক এবং সরবরাহকারীরা প্রযোজ্য আইন এবং সমবেত বারগেন চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের দিনের সময়ের মধ্যে সামঞ্জস্য বিধান করবে, যদি তা কর্মীদের অধিক সুরক্ষা প্রদান করে।

[6] কাজের স্বাস্থ্য এবং সুরক্ষার সঙ্গে শ্রমিক সম্পর্ক সংক্রান্ত বিষয় আন্তর্জাতিক শ্রম সংগঠন আইএলও –র নিয়ম 155 দ্বারা পরিচালিত হবে।

[7] আইএলও চুক্তি 26 এবং 131 অনুযায়ী মজুরী সংক্রান্ত বিষয় পরিচালিত হবে।

কোন অবস্থাতেই উৎপাদক এবং সরবরাহকারীরা কর্মীকে সপ্তাহে 48 ঘন্টার বেশি থাম্ব নিয়ম অনুযায়ী কাজ করাতে পারবে না এবং কর্মীদের গড়ে 7 টি ক্যালেন্ডার দিনে কম পক্ষে একদিন ছুটী দিতে হবে।

ওভার টাইম স্বেচ্ছামূলক হবে, এবং সপ্তাহে 12 ঘন্টার বেশি হবে না, নিয়মিত ভিত্তিতে দাবী করা যাবে না এবং সর্বদা প্রিমিয়াম দরে তার ক্ষতিপূরণ দিতে হবে, বর্তমান নিয়ম যা কার্যকর রয়েছে সেই অনুযায়ী এটি স্থির করা হবে।[8]

## 9. নিয়মিত কর্মসংস্থান

উৎপাদক এবং সরবরাহকারীরা অঙ্গীকার করবে যে কর্মসংস্থানের যে সূত্র তারা ব্যবহার করছে তা প্রযোজ্য স্থানীয় আইনের অংগ। এই ভাবে শ্রম এবং সামাজিক নিরাপত্তা আইন এবং নিয়মে স্বীকৃত কর্মীদের অধিকার তারা হনন করছে না এবং নিয়মিত কর্মসংস্থান সম্পর্কের কাঠামোয় নিয়মিত কর্মসংস্থান উন্নয়নের আসল লক্ষ্য নেই এমন কোন কর্মসূচী ব্যবহার করা হচ্ছে না।

## 10. উৎপাদনের অনুসন্ধানযোগ্যতা

উৎপাদক এবং সরবরাহকারীরা ইন্ডিটেক্সের লিখিত অগ্রিম ক্ষমতা প্রদান ছাড়া তৃতীয় পক্ষের কাছে কোন কাজ দিতে পারবে না। সেই অবস্থায়, তৃতীয় পক্ষ এবং তাদের কর্মীরা এই সব বিধি পালন করছে কি না তা সুনিশ্চিত করা তাদের দায়িত্ব হবে।

ঠিক তেমনি, উৎপাদক এবং সরবরাহকারীরা সরবরাহ চেনে যুক্ত কোন হোম ওয়ার্কার কে বিধি জানাবে, এবং উক্ত হোম ওয়ার্কারের কাজের স্থান এবং অবস্থা সম্পর্কে স্বচ্ছতা প্রদান করবে।

## 11. পন্যের স্বাস্থ্য এবং সুরক্ষা

উৎপাদক এবং সরবরাহকারীরা ইন্ডিটেক্সে সরবরাহ করা সমস্ত পন্যের বিষয়ে ইন্ডিটেক্সের স্বাস্থ্য এবং সুরক্ষা পন্য মানের জন্য দায়ী থাকবে যাতে কোন বানিজ্যকৃত পন্য গ্রাহকদের কোন ঝুঁকি সৃষ্টি না করে।

## 12. পরিবেশ সচেতনতা

উৎপাদক এবং সরবরাহকারীরা পরিবেশ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে এবং স্থানীয় এবং আন্তর্জাতিক আইনি এবং নিয়ম অনুযায়ী যে সব শর্তাবলী রয়েছে তা পালন করে চলবে।

ঠিক তেমনি, উক্ত মান প্রয়োগ করতে এই ধরণের প্রভাব কম করতে উপযুক্ত ব্যবস্থা সহ তারা ইন্ডিটেক্সের স্থাপিত পরিবেশ মান যদি প্রযোজ্য হয়, সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে প্রতিশ্রুতি বদ্ধ।

[8] আইএলও চুক্তি 1 এবং 14 অনুযায়ী কর্ম দিবস সংক্রান্ত বিষয়ে পরিচালিত হবে।

## 13. তথ্যের গোপনীয়তা

উৎপাদক এবং সরবরাহকারীরা ইন্ডিটেক্সের সঙ্গে তাদের বানিজ্যিক সম্পর্কের পরিনতি হিসেবে তথ্যের সত্যতা এবং গোপনীয়তা রক্ষা করবে।

গোপনীয়তার দায়বদ্ধতার ইন্ডিটেক্সের সঙ্গে সম্পর্ক ছিন্ন হয়ে গেলেও অব্যাহত থাকবে এবং এর অন্তর্ভুক্ত হবে উৎপাদক এবং সরবরাহকারী কোম্পানীর কোন পন্য আটক করে রাখলে তা ফেরত দেওয়ার দায়।

## 14. বিধি রুপায়ন

উৎপাদক এবং সরবরাহকারীরা এই বিধিতে চালু করা কর্মসূচী রুপায়ন করবে এবং বজায় রাখবে। তারা ম্যানেজমেন্টের একজন সিনিয়র সদস্য নিয়োগ করবে যিনি এই বিধি রুপায়িত এবং বলবত করার জন্য দায়ী থাকবেন।

উৎপাদক এবং সরবরাহকারীরা সমস্ত কর্মচারী এবং ইন্ডিটেক্স সাপ্লাই চেনের সঙ্গে যুক্ত সকলের কাছে এই বিধি জানাবে।

স্থানীয় ভাষায় অনুদিত বিধির একটি কপি সমস্ত কর্মীর প্রবেশাধিকার রয়েছে এমন স্থানে প্রদর্শিত হবে।

### 14.1 স্বচ্ছতা

উৎপাদক এবং সরবরাহকারীরা সততা, নিষ্ঠা এবং স্বচ্ছতার সঙ্গে তাদের কাজ করবে, এই কারণে তারা উপযুক্ত এ্যাকাউন্টিং ব্যবস্থা বজায় রাখবে যাতে তাদের সিদ্ধান্তের নমনীয়তা বজায় থাকে, প্রতিরোধ মুলক ব্যবস্থা বনাম কোন ধরনের দুর্নীতি, উৎকোচ এবং জোর করে অর্থ আদায়ের মত ঘটতে না পারে।

উৎপাদক এবং সরবরাহকারীরা ইন্ডিটেক্স ক্রেতাদের কাছ থেকে কোন রকম উপহার বা দান নিতে বা দিতে পারবে না যা ‘‘ইন্ডিটেক্স আচরণ বিধি এবং দায়িত্বশীল অনুশীলনের সংস্থান লংঘন করতে পারে’’।

উৎপাদক এবং সরবরাহকারীরা কর্মীদের পরিচালিত বা প্রভাবিত করবে না, বা এই বিধি পালনের বিষয়ে যাচাই প্রক্রিয়া পরিবর্তনের জন্য ফাইল বা রেকর্ড জাল করবে না।

উৎপাদক এবং সরবরাহকারীরা এমন কোন ধরনের অর্থ দেওয়া নেওয়া করবে না যা নিরপেক্ষ বিচারের ক্ষেত্রে প্রভাব বিস্তার করে অথবা এই বিধি পর্যবেক্ষন বা অডিটের জন্য ইন্ডিটেক্স দ্বারা নিয়োজিত কোন পক্ষের উদ্দেশ্য প্রভাবিত করে।

### 14.2 জাতীয় আইন, সমঝোতা এবং চুক্তির উল্লেখ

এই বিধিতে কেবল ন্যূনতম মানের সংস্থান রয়েছে।

জাতীয় আইন বা সমবেত বারগেইনিং চুক্তি সহ অন্য কোন প্রযোজ্য আইন বা প্রতিশ্রুতি যদি একই বিষয়ে সক্রিয় থাকে তবে যাতে কর্মীদের স্বার্থ অধিকতর সুরক্ষিত হয় তাই প্রযোজ্য হবে৷

ইন্ডিটেক্স মনে করে, অভ্যন্তরীন নিয়মের অংগ হিসেবে জাতীয় এবং আন্তর্জাতিক চুক্তি এবং সমঝোতার বিষয়বস্তু যা তারা পালন করে আসছে এবং উৎপাদক এবং সরবরাহকারীর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে প্রযোজ্য, তার উন্নতি এবং পালনে তারা প্রতিশ্রুতিবদ্ধ৷

## 14.3 নিয়ম পালনের পরীক্ষা

বাহ্যিক উৎপাদক এবং সরবহারকারী এবং তাদের সাব কন্ট্রাকটর ইন্ডিটেক্সকে ক্ষমতা প্রদান করবে এবং/বা অন্য কোন তৃতীয় পক্ষকে এই বিধির রুপায়ন নিরীক্ষণ করার জন্য । এই উদ্দেশ্যে, উপযুক্ত সহায় সম্পদ তারা প্রদান করবে এবং এই পরীক্ষার জন্য সুযোগ সুবিধা এবং প্রয়োজনীয় নতি পত্রে প্রবেশাধিকার।

## 14.4 এথিক্স কমিটি এবং উইসল ব্লোইং চ্যানেল

ইন্ডিটেক্স আচরণ বিধি এবং দায়িত্বশীল অনুশীলনের অন্তর্ভুক্ত নীতি এবং মূল্য বোধের সঙ্গে এই বিধির সংগতিসাধন করা হয়েছে যা এথিক্স কমিটি এবং উইসল ব্লোইং চ্যানেল নিয়ন্ত্রিত কোরে এর রুপায়ন সুনিশ্চিত করার জন্য।

এই অর্থে এবং উৎপাদক এবং সরবরাহকারীদের আচরণ বিধি রুপায়ন সুনিশ্চিত করতে এথিক্স কমিটি নিজে ব্যবস্থা গ্রহন করতে পারে অথবা উৎপাদক, সরবরাহকারী বা অন্য কোন আগ্রহী তৃতীয় পক্ষের অভিযোগের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা নিতে পারে৷

এই বিধির বিষয়ে যোগাযোগের জন্য পালন না করা বা বিধির ব্যাথা বা প্রয়োগের বিষয়ে পরামর্শের জন্য সরাসরি এথিক্স কমিটিকে আবেদন পত্র লেখা যেতে পারে ভায়াঃ

- **পোষ্টঃ Avenida de la Diputación, Edificio Inditex, 15142 Arteixo, A Coruña (España), এটনঃ এথিক্স কমিটি**
- **ইমেলঃ comitedeetica@inditex.com**
- **ফ্যাক্সঃ +34 981 186211**.